

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২১৫৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কাতার সোজাকারীদের জন্য ফেরেস্তাগণ ক্ষমা প্রার্থনা করেন এবং মহান আল্লাহ ক্ষমা করে দেন, যখন সেটি প্রথম কাতার হবে

ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلٍّ وَعَلَا مَعَ اسْتِغْفَارِ الْمَلَائِكَةِ عَلَى الصُّفُوفِ الْمُبْتَرَةِ إِذَا كَانَتْ مُقَدِّمَةً

আরবী

2158 - حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ - إِمْلَاءً - حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ مَنْصُورٍ عَنْ طَلْحَةَ الْإِيَامِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْسَجَةَ عَنِ الْبَرَاءِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَمْسَحُ مَنَاكِبَنَا وَصُدُورَنَا وَيَقُولُ: (لَا تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى الصُّفُوفِ الْمُقَدِّمَةِ).

الراوي: البراء | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2158 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (670)

বাংলা

২১৫৮. বারা বিন আযিব রাঈয়ালাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (সালাত কাতারবদ্ধ অবস্থায়) আমাদের কাছে আসতেন, আমাদের বক্ষ ও কাঁধ বুলিয়ে (কাতার সোজা করে) দিতেন এবং বলতেন, “তোমাদের কাতারগুলো যেন অসমান না হয়, অন্যথায় তোমাদের অন্তরগুলো মতভেদপ্রবণ হয়ে যাবে। নিশ্চয়ই আল্লাহ আগের কাতারসমূহের (মুসল্লীদের) রহমত করেন এবং ফেরেস্তাগণ তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৭৪১; মুসনাদ আহমাদ: ৪/৩০৪; দারেমী: ১/২৮৯; ইবনুল জারুদ: ৩১৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৫১; সুনান বাইহাকী: ৩/১০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬৭০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91476>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন